

একই তারিখ ও স্মারকে স্থালাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেলদুয়ার, টাঙ্গাইল

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, দেলদুয়ার উপজেলা কমান্ড নির্বাচন ২০২২-২৩
www.delduar.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩২৩.০০০.১৬.০০৬.২৩-১৭২

তারিখ: ১৬ মার্চ ২০২৩

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদেও গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি ফারহানা আলী, উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেল/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে।

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক নং	বিবরণ	সময়কাল
০১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩ (রবিবার)
০২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩ (বুধবার)
০৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩ (মঙ্গলবার)
০৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফশিল:

ক্রমিক নং	বিবরণ	সময়কাল
০১.	মনোনয়নপত্র গ্রহণ শুরু (চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর)	০২-০৪-২০২৩ (রবিবার)
০২.	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা)	: ০৫-০৪-২০২৩ (বুধবার)
০৩.	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩ (রবিবার)
০৪.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা)	: ১১-০৪-২০২৩ (মঙ্গলবার)
০৫.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩ (বৃহস্পতিবার)
০৬.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩ (রবিবার)
০৭.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩ (সোমবার)
০৮.	প্রতীক বরাদ্দের তারিখ	: ১৮-০৪-২০২৩ (মঙ্গলবার)
০৯.	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩ (শনিবার)

(ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে)

০২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ তারিখ সকাল ০৯:০০ টা হতে বিরতিহীনভাবে বিকাল ০৪.০০ টা পর্যন্ত অনুষ্ঠিতব্য উল্লিখিত নির্বাচনী এলাকায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ড এর নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে তফশিলে বর্ণিত নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, দেলদুয়ার, টাঙ্গাইল এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

০৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: ১৬ মার্চ ২০২৩

নির্বাচনী এলাকার নাম: দেলদুয়ার উপজেলা কমান্ড, টাঙ্গাইল

ফিঃ ১/০৭/২৩
(ফারহানা আলী)
উপজেলা নির্বাহী অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল
ও
রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, দেলদুয়ার উপজেলা কমান্ড নির্বাচন ২০২২-২৩

E-mail: unodelduar@mopa.gov.bd